

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
হিসাব ও অর্থ বিভাগ  
১৬, আবদুল গণি রোড, ঢাকা।  
Web: [www.dgfood.gov.bd](http://www.dgfood.gov.bd)

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.১৬.০০৩.১৮-

তারিখ ১২/২০১৯ খ্রি:

**বিষয় : বরাদ্দকৃত অর্থ হতে অব্যয়িত অর্থ সমর্পণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কৃষি বিভাগ হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগ কর্তৃক ধান/চাল/গম ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী খাদ্য অধিদপ্তরের হিসাব ও অর্থ বিভাগ হতে ধান/চাল/গম সংগ্রহের বিপরীতে পুনর্ভরণযোগ্য অর্থ বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্থ বরাদ্দ প্রদান করা হলেও অনেক ক্ষেত্রে দেখা যায় কোন কোন উপজেলায় ধান/চাল/গম সংগ্রহ হয়না। তাই যে সমস্ত উপজেলায় ধান/চাল/গম সংগ্রহ হয়না বা সংগ্রহ হওয়ার কোন সম্ভাবনা নাই শুধুমাত্র সেসমস্ত উপজেলার অনুকূলে বরাদ্দকৃত অর্থ সংগ্রহ মৌসুম শেষ হওয়ার পূর্বেই সমর্পণ করতে হবে। অপরদিকে যে সমস্ত উপজেলায় ধান/চাল/গম সংগ্রহ হয় সেসমস্ত উপজেলায় বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ থাকলেও সমর্পণ করার প্রয়োজন নেই তবে অর্থ বছর শেষে সকল উপজেলার অব্যয়িত অর্থ অবশ্যই সুনির্দিষ্ট সময়ের মধ্যে সমর্পণ করতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

( জুলফিকার রহমান )  
পরিচালক (বিকল্প কর্মকর্তা)  
ফোন-৯৫৫৬৩০৬

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৩.১৬.০০৩.১৮- ১৬০/১(৫)  
সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে।

তারিখ ২০/১২/২০১৯ খ্রি:।

- ০১। মহাপরিচারক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।
- ০৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেট ওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।  
পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৪। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল) .....

( মোহাম্মদ আমিনুল এহসান )  
উপপরিচালক